(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ccb.gov.bd

স্মারক নম্বর: ২৬.১২.০০০০.১০৬.০৬.০০৩.২৩.৭১৬ তারিখ: ০৮/১০/২০২৩

**বিষয়: বোতলজাত খাবার পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট পক্ষগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে অনুষ্ঠিত মতবিনিময় সভার সিদ্ধান্ত অগ্রায়ন সংক্রান্ত।**

সূত্র: কমিশনের স্মারক নং-২৬.১২.০০০০.১০৬.০৬.০০২.২৩.৭১৫, তারিখ:০৫/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে বোতলজাত খাবার পানির অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট পক্ষগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে এক মতবিনিময় সভা আয়োজন করা হয়। কমিশনের চেয়ারপার্সনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিশনের সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, এসবি, এনএসআই, ডিএনসিআরপি, ঢাকা ওয়াসা, ক্যাব, কোকা-কোলা বাংলাদেশ বেভারেজ লিমিটেড, এ্যালপাইন ফ্রেশ ওয়াটার সিস্টেম, সিটি গ্রুপ, মেঘনা বেভারেজেস লিমিটেড, পারটেক্স গ্রুপ, আকিজ বেভারেজেস লিমিটেড, আব্দুল মোনেম লিমিটেড, মৈত্রী শিল্প এবং বিসিএল ফুড এন্ড বেভারেজেস লিমিটেডের সম্মানিত প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। সভায় আলোচনাকালে কোকাকোলা কোম্পানির সম্মানিত প্রতিনিধি জানান, কিনলে ব্র্যান্ডের ৫০০ এমএল বোতলের পূর্বে দাম ছিল ১৫.০০ টাকা এবং বর্তমান দাম ২০.০০ টাকা। বর্ধিত দাম ফেব্রুয়ারি ২০২৩ মাসে কার্যকর করা হয়েছে। তাদের মার্কেট শেয়ার ১২%। কাঁচামালের মূল্য বৃদ্ধি, ইমপোর্ট ভেল্যু, ইমপোর্ট ট্যাক্স, ডলারের বিপরীতে টাকার মান হ্রাস পাওয়া, সাপ্লিমেন্টারি ট্যাক্স, লজিস্টিক কস্ট ইত্যাদি কারণে মূল্য বৃদ্ধি করা হয়েছে বলে তিনি জানান।

০৩। মেঘনা গ্রুপের প্রতিনিধি জানান, তাদের মার্কেট শেয়ার প্রায় ৩৫%। ফ্রেশ ৫০০ এমএল পানির বর্তমান মূল্য বোতল প্রতি ২০.০০ টাকা যা আগে ১৫.০০ টাকা ছিল । এপ্রিল ২০২৩ মাসে দাম বাড়ানো হয়েছে। মূল্য বৃদ্ধির ব্যাখ্যায় সংশ্লিষ্ট প্রতিনিধি একই বক্তব্য উপস্থাপন করেন।

০৪। আকিজ গ্রুপের প্রতিনিধি জানান, তাদের মার্কেট শেয়ার প্রায় ১৩%। স্পা ৫০০ এমএল পানির প্রতি বোতলের বর্তমান মূল্য ২০.০০ টাকা যা আগে ১৫.০০ টাকা ছিল । সেপ্টেম্বর ২০২৩ এর শেষের দিকে দাম বৃদ্ধি করা হয়েছে।

০৫। সিটি গ্রুপের প্রতিনিধি জানান যে, জীবন ব্র্যান্ডের ৫০০ এমএল পানির বোতলের বর্তমান বাজার মূল্য ২০.০০ টাকা যার আগের দাম ছিল ১৫.০০ টাকা। আগস্ট ২০২৩ মাসে এই দাম বৃদ্ধি করা হয়েছে।

০৬। ঢাকা ওয়াসা এবং মৈত্রী শিল্পের সম্মানিত প্রতিনিধিবৃন্দ জানান যে, ৫০০ এমএল পানির বোতলের শর্তযুক্ত পাইকারি মূল্য ০৯.০০ টাকা এবং এমআরপি ১৫.০০ টাকা। পাইকারি এবং এমআরপি মূল্যের উক্ত ব্যবধানের বিষয়ে সভায় আলোচনা হয়।

Rahmakbir.

০৭। ক্যাবের সম্মানিত প্রতিনিধি জানান যে, সংশ্লিষ্ট কোম্পানিগুলো একসাথে হয়ে ৫০০ এমএল পানির বোতলের দাম একই হারে বাড়িয়েছে যা প্রতিযোগিতা আইন, ২০১২ এর পরিপন্থী। ভোক্তার অধিকারকে সংরক্ষণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠনগুলো কতটুকু পরিমাণ নৈতিক অবস্থানে রয়েছে সে বিষয়ে তিনি প্রশ্ন রাখেন।

০৮। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান এর প্রশ্নের জবাবে পারটেক্স গ্রুপের প্রতিনিধি জনান যে, ৫০০ এমএল পানির বোতলের পাইকারী মূল্য ১০.৫০ টাকা এবং খুচরা মূল্য ২০.০০ টাকা। এসবি'র প্রতিনিধি জানান যে, রেজিনের মূল্য ২৯/১২/২০২২ তারিখে ছিল প্রতি কেজি ১৪৮.০০ টাকা, ১৪/০৯/২০২৩ তারিখে ১৪২.০০ টাকা এবং ০১/১০/২০২৩ তারিখে কেজি প্রতি ১৩৬.০০ টাকা।

০৯। বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের প্রতিনিধি বলেন, বোতলজাত পানির মূল্য বৃদ্ধির বিষয়ে মার্কেট এ্যানালাইসিস করা প্রয়োজন। এ জন্য প্রতিটি কোম্পানি কর্তৃক দাম বৃদ্ধির আগে ও পরের বোতলজাত পানির Cost Sheet প্রয়োজন। উক্ত Cost Sheet এর ভিত্তিতে দাম বৃদ্ধির বিষয়ে বিশ্লেষণ করা হবে।

১০। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) উপরে বর্ণিত কোম্পানিসমূহ কর্তৃক বোতলজাত পানির মূল্য বাড়ানোর আগের ও পরের Cost Sheet অবিলম্বে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে প্রেরণ করবে। একই প্রক্রিয়ায় Cost Sheet প্রেরণের স্বার্থে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন একটি স্ট্যান্ডার্ড ফরম্যাট প্রস্তুতপূর্বক বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে এবং সংশ্লিষ্ট কোম্পানিসমূহ বরাবর প্রেরণ করবে;

(খ) উল্লেখিত Cost Sheet এর তথ্যাবলি বিশ্লেষণপূর্বক বোতলজাত পানির মূল্য বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে সুপারিশসহ মতামত প্রেরণ করবে;

(গ) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের মতামত ও সুপারিশের আলোকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিযোগিতা আইন, ২০১২ মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

Rahmankabir
০৮-১০-২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)
মুঠোফোন: ০১৭১১৫৭০৫৬৪
ই-মেইল: alaol.kabir@gmail.com

স্মারক নম্বর: ২৬.১২.০০০০.১০৬.০৬.০০৩.২৩.৭১৬ তারিখ: ০৮/১০/২০২৩

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২) চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (১০ ও ১২তলা), সেগুনবাগিচা, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মোঃ মাহমুদুল হাসান, উপ-প্রধান);
৩) সদস্য (সকল), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, বিশেষ শাখা (এসবি), বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার, ৬, ফিনিক্স রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০ (দৃষ্টি আকর্ষণ: খন্দকার গোলাম মাওলা, এসএসপি);
৫) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মোঃ নজরুল ইসলাম, সহকারী পরিচালক);
৬) চেয়ারপার্সন মহোদয়ের ব্যক্তিগত সহকারী (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭) জনাব/বেগম.......................................................................................................
৮) অফিস কপি।

Rmmkbir
০৮-১০-২৩
(র.হ.ম. আলাওল কবির)
সচিব (ভারপ্রাপ্ত)